STOP COVID-19

শিশু পরিচর্যা কেন্দ্রে প্রবেশ করার আগে অনুগ্রহ করে এটা পূরণ করুন।

নাম: ______________________ তারিখ: ______________ সময়: ______________

1. নীচে দেওয়া কোনও একটি উপসর্গ ছাত্র/ছাত্রীর মধ্যে নতুন করে দেখা দিয়েছে বা গুরুতর হয়ে উঠেছে কি?

হ্যাঁ ☐ না ☐

জ্বর > 37.8˚C

হ্যাঁ ☐ না ☐

কাশি

হ্যাঁ ☐ না ☐

শ্বাসকষ্ট

হ্যাঁ ☐ না ☐

স্বাদ বা গন্ধ না-পাওয়া

হ্যাঁ ☐ না ☐

গলা ব্যথা বা ফোলা

হ্যাঁ ☐ না ☐

নাক বন্ধ বা নাক দিয়ে জল পড়া

হ্যাঁ ☐ না ☐

মাথাব্যথা

হ্যাঁ ☐ না ☐

গা গোলানো, বমি বা ডায়রিয়া

হ্যাঁ ☐ না ☐

অসুস্থ অনুভব করা, পেশিতে ব্যথা বা ক্লান্ত ভাব

যদি কোনও উপসর্গ 'থাকে', তাহলে:

বাড়িতে থেকে স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে **+** পরীক্ষা করাতে হবে **বা** স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করতে হবে

2. আপনার বাড়িতে কোনও শিশু বা ছাত্র/ছাত্রীর ভাই/বোনের উপরে উল্লিখিত কোনও একটি বা একাধিক উপসর্গ কি আছে? ☐ হ্যাঁ ☐ না

3. গত 14 দিনে ছাত্র/ছাত্রী কি কানাডার বাইরে গিয়েছিল? ☐ হ্যাঁ ☐ না

4. ছাত্র/ছাত্রী কোভিড-19 আক্রান্ত কোনও ব্যক্তির নিকট সংস্পর্শে এসেছে বলে শনাক্ত হয়েছে কি? ☐ হ্যাঁ ☐ না

5. ছাত্র/ছাত্রীকে কি বাড়িতে ও স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে বলা হয়েছে? ☐ হ্যাঁ ☐ না

2, 3, 4 বা 5 নং. প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়ে থাকলে:

বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে **+** জন স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ মেনে চলতে হবে

* যদি কোনও শিশুর আগে থেকেই স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর দ্বারা শনাক্ত করা স্বাস্থ্য সংক্রান্ত কোনও সমস্যা থেকে থাকে, তাহলে তাদেরকে 'হ্যাঁ' বলে উত্তর দিতে হবে না, যদি না উল্লিখিত উপসর্গগুলো নতুন করে, আলাদা করে বা আরও গুরুতর না-হয়ে ওঠে। আপনার শিশুর স্বাভাবিক উপসর্গে কোনও পরিবর্তন দেখা দিচ্ছে কি না খেয়াল রাখুন।

ডিসেম্বর 2020-তে হালনাগাদ করা হয়েছে

Bengali

আমার সন্তানের মধ্যে কোভিড-19'এর 1 বা একাধিক উপসর্গ দেখা দিয়েছে। আমাকে এখন কী করতে হবে?

আপনার সন্তান কি এমন কারও সংস্পর্শে এসেছিল, যাঁর কোভিড-19 ধরা পড়েছে পরীক্ষা করানোর পর?

হ্যাঁ

- বাড়ির লোকজন সহ সবাইকে বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে। নিজের সন্তানের স্বাস্থ্য পরীক্ষা করান।
- যদি কোভিড-19 ধরা পড়ে, তাহলে বাচ্চার পরিচর্যা প্রদানকারী কেন্দ্রকে জানিয়ে দিন। এর পরবর্তী নির্দেশ জারি করবে টরন্টো পাবলিক হেল্‌থ।
- যদি ধরা না-পড়ে, তাহলে টরন্টো পাবলিক হেল্‌থ-এর পক্ষ থেকে অনুমোদন না-পাওয়া পর্যন্ত বাচ্চাকে স্বেচ্ছা-নিভৃতবাসে থাকতে হবে (তার নিকট সংস্পর্শে থাকা সবাইকে 14 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে)। বাড়ির লোকজনের মধ্যে কোনও উপসর্গ দেখা না-দিলে পর তাঁরা কাজে-কর্মে/স্কুলে যেতে পারবেন।
- যদি আপনার বাচ্চার স্বাস্থ্য পরীক্ষা করানো না-হয়ে থাকে, তাহলে তাকে 10 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে। তার সংস্পর্শে থাকা বাড়ির লোকজনকেও 14 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।

না

- বাচ্চার উপসর্গ দেখা দিয়েছে বলে তার পরিচর্যা প্রদানকারী কেন্দ্রকে জানিয়ে দিন।
- আপনার বাচ্চাকে বাড়িতে স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে এবং তার স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে।
- পরীক্ষা করানোর পর যত দিন না জানা যায় যে বাচ্চার কোভিড-19 হয়নি বা বাচ্চার যদি 10 দিন ধরে পরীক্ষা করানো না-হয়ে থাকে, তাহলে তার ভাই/বোনদের বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- বাবা-মা সহ বাড়ির অন্যান্য প্রাপ্তবয়স্কদের নিজেই খেয়াল রাখতে হবে, তাঁদের নিজেদের মধ্যে কোনও উপসর্গ দেখা দিচ্ছে কি না, কিন্তু তাঁদের কোনও উপসর্গ না-থাকলে তাঁরা কাজে-কর্মে যেতে পারবেন।
- প্রাপ্তবয়স্ক কারও মধ্যে উপসর্গ দেখা দিলে তাঁদেরকেও বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে এবং পরীক্ষা করাতে হবে।

আপনার সন্তানের কোভিড-19 টেস্টের কী ফল বের হল?

পজিটিভ

- আপনার সন্তানের কোভিড-19 পজিটিভ হয়েছে বলে তার পরিচর্যা প্রদানকারী কেন্দ্রকে জানিয়ে দিন।
- আপনার বাচ্চার মধ্যে যেদিন থেকে উপসর্গ দেখা দিয়েছে সেদিন থেকে 10 দিনের জন্য তাকে বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- বাড়ির লোকজন এবং তার নিকট সংস্পর্শে আসা অন্যান্য লোকজনকেও 14 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- সব কিছু খতিয়ে দেখার জন্য টরন্টো পাবলিক হেল্‌থ আপনার সঙ্গে যোগাযোগ করবে এবং পরবর্তী নির্দেশ জারি করবে

নিগেটিভ

- আপনার সন্তানের উপসর্গ কমতে শুরু করার 24 ঘণ্টা পর সে ফের তার পরিচর্যা প্রদানকারী কেন্দ্রে যেতে পারবে।
- ভাই/বোনরাও স্কুলে ফিরে যেতে পারবে।

পরীক্ষা করানো না-হলে

- আপনার সন্তানের মধ্যে যেদিন থেকে উপসর্গ দেখা দেবে সেদিন থেকে 10 দিন তাকে বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- 10 দিন পর তাদের উপসর্গ ঠিক হতে থাকলে তারা ফের তাদের পরিচর্যা প্রদানকারী কেন্দ্রে যেতে পারবে।
- বাচ্চার ভাই/বোনেদেরও 10 দিন বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- বাবা-মা সহ বাড়ির অন্যান্য প্রাপ্তবয়স্কদের নিজেই খেয়াল রাখতে হবে, তাঁদের নিজেদের মধ্যে কোনও উপসর্গ দেখা দিচ্ছে কি না, কিন্তু তাঁদের কোনও উপসর্গ না-থাকলে তাঁরা কাজে-কর্মে যেতে পারবেন।
- স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী যদি আপনার সন্তানের স্বাস্থ্য পরীক্ষা করে বুঝতে পারেন যে বাচ্চার মধ্যে দেখা দেওয়া উপসর্গ কোভিড-19 সংক্রান্ত নয়, সে-ক্ষেত্রে উপসর্গ ঠিক হওয়ার 24 ঘণ্টার মধ্যেই বাচ্চা স্কুলে যেতে পারবে। তখন তাদের ভাই/বোনকেও আর 10 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে না।